

২০২৪

বাংলা — সাধারণ

পঞ্চম সেমিস্টার

পত্র : DSE-A-1 and DSE-A-2

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

পত্র : DSE-A-1

(বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস)

পূর্ণমান - ৬৫

- ১। (ক) চর্যাপদের কবিতাগুলিতে প্রতিফলিত প্রাচীন যুগের বাঙালির জীবনধারার পরিচয় দাও। ১০
অথবা,
(খ) বাংলার রাজনৈতিক ইতিহাসে পাল রাজবংশের শাসনের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০
- ২। (ক) উনিশ শতকের বাংলার সমাজ সংস্কার আন্দোলনগুলি সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা,
(খ) নীল বিদ্রোহের প্রেক্ষাপটটি আলোচনা করে এই আন্দোলনের গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে লেখো। ১০
- ৩। (ক) বয়কট ও স্বদেশী আন্দোলন বলতে কী বোঝো? বাংলার ইতিহাসে স্বদেশী আন্দোলনের প্রভাব আলোচনা করো। ৫+৫
অথবা,
(খ) বরাক উপত্যকার ভাষা আন্দোলনের পরিচয় দাও। ১০
- ৪। (ক) 'বাংলার ভৌগোলিক পরিচয়ের ক্রমপরিবর্তন হয়েছে।'— আলোচনা করো। ৫
অথবা,
(খ) চৈতন্য সংস্কৃতি বলতে কী বোঝো? ৫
- ৫। (ক) অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠার উদ্দেশ্য ও কার্যক্রম সম্পর্কে আলোচনা করো। ৫
অথবা,
(খ) বাংলার সমাজ সংস্কৃতিতে ব্রাহ্মসমাজের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) দেশভাগের ফলে পশ্চিমবাংলাকে কোন কোন সমস্যার মুখোমুখি হতে হয়েছিল সংক্ষেপে লেখো।

৫

অথবা,

(খ) মতুয়া আন্দোলনের ঐতিহাসিক গুরুত্ব নির্ণয় করো।

৫

৭। টাকা লেখো (ষে-কোনো একটি)।

৫×১

(ক) মাৎস্যন্যায়

(খ) ইয়ংবেঙ্গল গোষ্ঠী

(গ) খাদ্য আন্দোলন।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) বাংলার আদি জনগোষ্ঠী কাদের বলা হয়?

(খ) 'গীতগোবিন্দ' কাব্যটি কে রচনা করেন?

(গ) বাংলার প্রথম সার্বভৌম নরপতি কে?

(ঘ) 'উজ্জ্বলনীলমণি' গ্রন্থটি কার লেখা?

(ঙ) বাংলা ভাষায় মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে?

(চ) সাঁওতাল বিদ্রোহের একজন নেতার নাম লেখো।

(ছ) সন্ন্যাসী-ফকির আন্দোলন কবে শুরু হয়েছিল?

(জ) 'তত্ত্ববোধিনী' পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন?

(ঝ) বাংলা ভাষায় প্রকাশিত প্রথম সংবাদপত্র কোনটি?

(ঞ) বিধবাবিবাহ সংক্রান্ত আইনটি কবে পাশ হয়েছিল?

(ট) নকশাল আন্দোলন নিয়ে রচিত মহাশ্বেতা দেবীর একটি উপন্যাসের নাম লেখো।

(ঠ) হিন্দু কলেজ কোন বৎসর প্রতিষ্ঠিত হয়?

(ড) পশ্চিমবঙ্গে প্রথম কবে খাদ্য আন্দোলন শুরু হয়?

(ঢ) হরিশচন্দ্র মুখোপাধ্যায় কোন পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন?

(ণ) কোন ঘটনার পরিপ্রেক্ষিতে রবীন্দ্রনাথ 'রাখিবন্ধন' উৎসব করেছিলেন?

পত্র : DSE-A-2

(বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা ও অলৌকিক কাহিনি)

পূর্ণমান - ৬৫

- ১। (ক) 'শজারুর কাঁটা' উপন্যাসের 'উপক্রম' অংশটি সংযোজনের গুরুত্ব আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) 'শজারুর কাঁটা' উপন্যাসের দীপা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০
- ২। (ক) 'প্রফেসর শঙ্কু ও ম্যাকাও' গল্পে ম্যাকাও-এর পরিচয় এবং কর্মদক্ষতার কথা গল্প অবলম্বনে লেখো। ১০
- অথবা,
- (খ) 'শঙ্কু ও আদিম মানুষ' গল্পে আদিম মানুষের কথা প্রফেসর শঙ্কু কীভাবে জেনেছিলেন? আদিম মানুষকে দেখার পর তার প্রতিক্রিয়া কীরূপ ছিল? আদিম মানুষটির পরিণতি কী হয়েছিল তা গল্প অবলম্বনে লেখো। ২+৩+৫
- ৩। (ক) 'সত্যি নয়' গল্পে মেজো মামার শিকার করতে যাওয়ার অভিজ্ঞতার বর্ণনা দাও। ১০
- অথবা,
- (খ) 'চোর' গল্পের বিষয়বস্তু নিজ ভাষায় বিবৃত করো। ১০
- ৪। (ক) "এমন প্রকৃতিবিরুদ্ধ ব্যাপার দেখিনি।" — উক্তিটি কার? কাদের প্রতি তাঁর এই উক্তি? প্রকৃতিবিরুদ্ধ ঘটনাটা কী তা লেখো। ১+১+৩
- অথবা,
- (খ) "আমি একলা বসে রইলাম।" — কে, কোথায় একলা বসেছিল? সেখানে কী ঘটনা ঘটে তা লেখো। ১+১+৩
- ৫। (ক) গোলক অথবা টোরাস গ্রহটির পরিণতি কী হয়েছিল তা সংক্ষেপে জানাও। ৫
- অথবা,
- (খ) রোবুকে তৈরি করতে প্রফেসর শঙ্কুর কত দিন সময় লেগেছিল? এক্ষেত্রে তাঁর খরচের পরিমাণ কত ছিল? রোবুর বিশেষত্ব লেখো। ১+১+৩
- ৬। (ক) 'কাঠপুতলি' গল্পে কে, কীভাবে কাঠপুতলি পেয়েছিল? ৫
- অথবা,
- (খ) 'আকাশ পিদ্মি' কারা জ্বালিয়েছিল? 'আকাশ পিদ্মি' জ্বালানোর পর কি ঘটেছিল? ২+৩

৭। টীকা লেখো (যে-কোনো একটি)।

৫×১

(ক) ব্যোমকেশ চরিত্র

(খ) ফ্রাঙ্কেনস্টাইনের গবেষণা

(গ) দজ্জাল বৌ চরিত্র।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) 'শজারুর কাঁটা' উপন্যাসে 'উপক্রম' অংশের পর শুরু হওয়া মূল কাহিনিতে কোন অঞ্চলের কথা জানা যায়?

(খ) দেবশিস-এর উপাধি কী?

(গ) "হঠাৎ তার চমক ভাঙলো টেলিফোনের শব্দে।"— কার চমক ভেঙেছিল?

(ঘ) "মনে হচ্ছে একটা মনের মত রহস্য এতদিনে পাওয়া গেছে।"— উক্তিটি কার?

(ঙ) দীপাকে কোথায় জেরা করা হয়েছিল?

(চ) প্রফেসর শঙ্কুর ডাকনাম কী?

(ছ) প্রফেসর শঙ্কুর মঙ্গল যাত্রার তারিখটি কত ছিল?

(জ) "যন্ত্রই যন্ত্রকে চেনে ভালো!"— উক্তিটি কার?

(ঝ) "আমাদের গ্রিক বন্ধুটির মাথা হেঁট হয়ে গেল।"— গ্রিক বন্ধুটি কে?

(ঞ) "পিরমিট, সহিব, পিরমিট।"— উক্তিটি কার?

(ট) 'সব ভুতুড়ে' গল্পগ্রন্থটি প্রথম কবে প্রকাশিত হয়েছিল?

(ঠ) কুট্রিবাবু কে?

(ড) দামু কাকারা কোন ধর্ম মতে বিশ্বাসী ছিলেন?

(ঢ) মকরঘাটায় গয়না দিদি কার নৌকায় এসেছিল?

(ণ) উটকোদের বাঁশবাগানে চায়ের দোকান খোঁজা দেখে কে হাসাহাসি করছিল?